**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Chief minister :

দুর্গাপুজোর প্রাক মুহূর্তে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের জন্য ৫০ কোটি ৬৫ লক্ষ টাকা আর্থিক অনুমোদন প্রদান করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। গতকাল মুখ্যমন্ত্রী ডাঃ সাহা জানান, ঘোষিত প্রকল্পগুলিতে রাজ্যের ১৪ টি পুর সংস্থা এবং ৬টি নগর পঞ্চায়েত এলাকার মধ্যে স্যানিটেশন এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, নিরাপদ পানীয় জল সহ বিভিন্ন বিকাশ ব্যবস্থাপনার আওতায় ১২ কোটি টাকার অনুমোদন প্রদান করা হয়েছে। মুখ্যমন্ত্রী আরও জানান, আসন্ন দুর্গাপূজায় জনসাধারণের সুবিধার্থে প্রত্যেক জেলাশাসককে নানা ধরনের স্থায়ী সম্পদের রক্ষণাবেক্ষনের কাজে ৯ কোটি ৩৭ লক্ষ টাকার অনুমোদন প্রদান করা হয়েছে। রাজ্যের ৬টি আরডি ডিভিশনে বিভিন্ন নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ৯ কোটি ২৮ লক্ষ টাকার অনুমোদন প্রদান করা হয়েছে। এর পাশাপাশি আগরতলা শহর এলাকায় বিভিন্ন সড়কের উন্নয়নের জন্য প্রশাসনিক অনুমোদন ও ব্যয় মঞ্জুর করা হয়েছে ।মুখ্যমন্ত্রী আরো জানান, আসন্ন দুর্গাপূজা উৎসব উপলক্ষে প্রধানমন্ত্রী পোষণ প্রকল্পের আওতায় কর্মরত বিভিন্ন স্তরের কর্মীদের জন্য বোনাস এবং অ্যাডভান্স বাবদ মোট ৩ কোটি ৬০ লক্ষ টাকার অনুমোদন প্রদান করা হয়েছে।

**********************

**PM-World Food India 2025 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, খাদ্য ক্ষেত্রে বৈচিত্র্য, চাহিদা এবং মাত্রা এই তিনগুনের শক্তি ভারতের রয়েছে। নয়াদিল্লিতে ‘ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া -2025’ কর্মসূচিতে গতকাল শ্রী মোদী বলেন, বৈচিত্র্য, চাহিদা এবং উদ্ভাবনের কারণে ভারত সবচেয়ে আকর্ষণীয় বিনিয়োগের গন্তব্য। তিনি বলেন, ভারত বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তায় ক্রমাগত অবদান রেখে চলেছে। প্রধানমন্ত্রী উল্লেখ করেন, গত ১০ বছরে দেশে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

চার দিনের এই অনুষ্ঠানে খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রে ভারতের শক্তি, সুস্থায়ী খাদ্য ব্যবস্থাপনা, পুষ্টিকর এবং জৈব খাদ্য উৎপাদনের দক্ষতা তুলে ধরা হবে। অনুষ্ঠানে আন্তর্জাতিক সহযোগিতা এবং বিনিয়োগের সুযোগ বৃদ্ধির পাশাপাশি খাদ্য প্রক্রিয়াকরণে ভারতের রূপান্তরিত অভিযাত্রা প্রদর্শন করা হবে।

*********************

**CM Puja pandal visit :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন শারদ উৎসবে প্রত্যেককে শান্তি ও সম্প্রীতির পরিবেশে উৎসব উদযাপন করতে হবে। গতকাল সন্ধ্যায় আগরতলার মঠচৌমুহনী এলাকার ফ্লাওয়ার্স ক্লাব, শিবনগরের মডার্ন ক্লাব ও আমরা তরুণ দল, সেন্ট্রাল রোড যুব সংস্থা ও নেতাজি প্লে ফোরাম সেন্টারের পুজো প্যান্ডেল পরিদর্শন করে একথা বলেন তিনি। প্রতিটি মণ্ডপে তিনি উৎসবের আয়োজন ও সজ্জা নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন এবং পুজা কমিটির

সদস্যদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। তিনি সকল রাজ্যবাসীকেও শারদ শুভেচ্ছা জানিয়েছেন।

*********************

**Vidyasagar :**

আজ বিশিষ্ট সমাজ সংস্কারক শিক্ষাবিদ পন্ডিত ইশ্বর চন্দ্র বিদ্যাসাগরের ২০৫ তম জন্মবার্ষিকী ।১৮২০`র ২৬ শে সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে তাঁর জন্ম। সংস্কৃত ও বাংলায় বহু গ্রন্থের লেখক ও ব্যাকরনবিদ পন্ডিত ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর বিধবা বিবাহের মতো যুগান্তকারী সামাজিক অধ্যায়ের সূচনা করেছিলেন | শিক্ষাপ্রসারে তিনি বহু অবদান রেখে গেছেন। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ তাঁর জন্মজয়ন্তী পালনের আয়োজন করা হয়েছে।

*******************

**Transfer of judicial officers :**

আইন দপ্তরের সচিবের দায়িত্ব নেবেন বিচারক শঙ্করী দাস। গতকাল ত্রিপুরা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল বিশ্বজিৎ পান্ডে গ্রেড ওয়ান জুডিশিয়াল অফিসারদের বদলির তালিকা প্রকাশ করেছেন। পশ্চিম ত্রিপুরার জেলা ও দায়রা বিচারক হচ্ছেন আশুতোষ পান্ডে। জেলার বর্তমান জেলা ও দায়রা বিচারক শুভাশিস শর্মা রায়কে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির অধিকর্তার দায়িত্ব দেওয়া হয়েছে। সিপাহিজলার জেলা ও দায়রা বিচারক হচ্ছেন বর্তমান

আইন সচিব সঞ্জয় ভট্টাচার্য। এছাড়া, গোমতী জেলার জেলা ও দায়রা বিচারক হচ্ছেন রবি দাহিয়া।

******************

**SEVA Pakhwada-Khowai :**

প্রধানমন্ত্রীর সেবা পর্বের বিভিন্ন কর্মসূচির অঙ্গ হিসেবে আজ তুলাশিখর ব্লকের পূর্ব তকছাইয়া এডিসি ভিলেজে আয়োজন করা হয় খোয়াই জেলাভিত্তিক বৃক্ষরোপণ কর্মসূচি এবং রক্তদান শিবির। বন দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বৃক্ষরোপন কর্মসূচির গুরুত্ব তুলে ধরেন। উপস্থিত ছিলেন বিধানসভারমুখ্য সচেতক কল্যাণী রায়, রাজ্য বন দফতরের পি- সি-সি-এফ আর-কে শ্যামল, জেলাশাসক রজত পান্থ ও  জেলা পুলিশ সুপার রানাদীত্য দাস|

***********************

**GST-Udaipur :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে শহর ও গ্রামীন বাজারগুলিতে জিএসটি-র হার সংস্করণ নিয়ে ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের সঙ্গে মত বিনিময় করেন। তিনি জিএসটি নতুন হারের প্রয়োগ পদ্ধতি সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করেন|

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৬তম পর্ব|

*********************

**World pharmacists day :**

আগরতলা অভনগর  রিজিওনাল ইনস্টিটিউট অফ ফার্মাসিউটিক্যাল সায়েন্স এন্ড টেকনোলজি কলেজে, গতকাল  ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে উপলক্ষে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডাক্তার ঋষিরাজ ছেত্রী, এন.এইচ.এম. অধিকর্তা সাজু ওয়াহিদ এ, স্বাস্থ্য অধিকর্তা অধ্যাপক ডাক্তার তপন মজুমদার, ডেপুটি ড্রাগ কন্ট্রোলার কাঞ্চন সিনহা প্রমুখ ।শিবিরে ৬২ জন রক্তদান করেন।

***********************

**Dindayal upadhya Birthday Celebrated :**

গোমতী জেলা মাই ভারত-র উদ্যোগে গতকাল রাজনগর ব্লকের উত্তর শ্রীরামপুর গ্রাম পঞ্চায়েতে রাজনগর জাতীয় যুবসংস্হার ব্যবস্হাপনায় পন্ডিত দীনদয়াল

উপাধ্যায়ের জন্মদিন পালিত হয়। উত্তর শ্রীরামপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান গোপাল ত্রিপুরা, রাজনগর জাতীয় যুবসংস্হার সভাপতি লিটন দাস সহ পঞ্চায়েতের অন্য সদস্য এবং স্হানীয় মানুষজন অনুষ্ঠানে উপস্হিত ছিলেন।

*******************

**TCA-LIFE MEMBER EXPIRED :**

রাজ্য ক্রিকেট সংস্থার আজীবন সদস্য রাইমোহন দেবনাথ গতকাল শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন। রাজ্য ক্রিকেট সংস্থার পক্ষ থেকে তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানানো হয়েছে। লাইফ মেম্বার্স ডায়াসের পক্ষ থেকেও শোক প্রকাশ করা হয়েছে।

****************

**Weather :**

আজ আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কোথাও কোথাও দু`এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ৪.৮ মিলিমিটার|

********************

********************